দৈনিক বাংলা

37

তারিখ .. 17 NOV 1992...
পৃষ্ঠা... ৭ ... কলাম ... ৬ ...

## স্বৈরশক্তির সঙ্গে আঁতাত করে একটি দল বিশৃঙ্খলা সৃষ্টি করছে

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূর করতে হবে ঃ খালেদা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সন্ত্রাস উচ্ছেদ করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

সোমবার সুগন্ধা কার্যালয়ে বদরুন্নেসা সরকারী কলেজ ছাত্রী সংসদের জাতীয়তাবাদী ছাত্রদলের নেতৃবৃন্দের উদ্দেশে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, শিক্ষা বিস্তারে তার সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছেন। খবর বাসস'র।

বেগম জিয়া বলেন, একটি বিশেষ রাজনৈতিক দল উন্নয়ন প্রক্রিয়া ব্যাহত এবং গণতন্ত্র ধ্বংস করতে স্বৈরাচারী শক্তির সঙ্গে হাত মিলিয়ে বিশৃংখলা সৃষ্টি করছে। তিনি বলেন, উন্নয়ন হলে ভবিষ্যতে কেউ তাদের ভোট দেবে না।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার মানোন্নয়ন প্রয়োজন। কারণ অতীতে স্বৈরাচারী সরকার এ ব্যাপারে অবহেলা করেছে। বিএনপি সরকার শিক্ষা এবং জনগণের ৫টি মৌলিক চাহিদাকে অগ্রাধিকার দিয়েছে।

মহিলা শিক্ষার ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, যেহেতু দেশের মোট জনসংখ্যার অর্ধেক মহিলা, তাই সমাজে তাদের অবস্থানকে উপেক্ষা করে সুষ্ঠু উন্নয়ন সম্ভব না।

তিনি ছাত্রসমাজ বিশেষ করে ছাত্রীদের বিভিন্ন ক্ষেত্রে ভবিষ্যতে নেতৃত্ব দিতে নিজেদের প্রস্তুত করার আহবান জানান। প্রধানমন্ত্রী বলেন, সরকার সব এলাকার সমান উন্নয়ন এবং পর্যায়ক্রমে সব শিক্ষাপ্রতিষ্ঠানের সমস্যার সমাধানে বিশ্বাসী।

তিনি বলেন, জনসমর্থনহীন একটি রাজনৈতিক দল উন্নয়ন প্রক্রিয়া ব্যাহত করার লক্ষ্যে সমাজে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করছে। তিনি বলেন, দেশ যাতে অগ্রগতির পথে এগুতে পারে সেজন্য ঐ দলটির চক্রান্ত নস্যাৎ করতে সবাইকে সতর্ক থাকতে হবে।

এতে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার, তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, সংসদ সদস্য মীর শওকত আলী ও সালাহউদ্দীন

(আটের পাতায় ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস দূর করতে হবে ঃ খালেদা

( প্রথম পাতার পর )

আহমদ, ছাত্র বিষয়ক উপদেষ্টা মজিবর রহমান, ছাত্রদল নেতা ফজলুল হক মিলন, আবুল খায়ের ভুইয়া, নাসিরউদ্দীন পিন্টু, শিরিন সুলতানা, বদরুন্নেসা কলেজ ছাত্রী সংসদের নবনির্বাচিতা ভিপি নেওয়াজ হালিমা ও জিএস শাহানা আক্তার। টিএন্ডটি মন্ত্রী কেরামত আলীও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বদরুন্নেসা কলেজের বিভিন্ন সমস্যা প্রসঙ্গে বেগম জিয়া বলেন, সরকার কলেজের উন্নয়ন এবং প্রয়োজনীয় শিক্ষকের ব্যাপারে নজর দেবে। তিনি বলেন, নগরীর সব শিক্ষাপ্রতিষ্ঠানের সমস্যা একই রকম এবং সরকার এ ব্যাপারে সচেতন।

তিনি বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হলে ছাত্রীদের পরিবহনের দাবী বিবেচনা করা হবে। তিনি কলেজ ছাত্রী সংসদের নবনির্বাচিত প্রতিনিধিদের অভিনন্দন জানান। তিনি নেতৃবৃন্দকে শিক্ষাপ্রতিষ্ঠানে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে তাদের দায়দায়িত্ব সম্পর্কে স্মরণ করিয়ে দেন।